



রেজিস্ট্রারের কার্যালয়  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বিষয়টি অতীব জরুরি

www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/প্রতিবেদন/২০১৮/ ৩৫৭৮

তারিখ : ১৫ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ  
৩০ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদরাসার ছাত্র-ছাত্রীদের মধ্যে মাদক বিশেষ করে ইয়াবার অপব্যবহার রোধে সচেতনতা ও উদ্বুদ্ধকরণের জন্য প্রতিটি মাদরাসায় ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট 'মাদকবিরোধী' নিম্নরূপ কমিটি গঠন করতে হবে:


১. সভাপতি : সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ
২. সদস্য : শিক্ষক প্রতিনিধি
৩. সদস্য : অভিভাবক প্রতিনিধি
৪. সদস্য : ছাত্র প্রতিনিধি
৫. সদস্য সচিব : ক্রীড়া শিক্ষক/শারীরিক প্রশিক্ষক

কমিটির কার্যপরিধি:

১. নিয়মিতভাবে ছাত্র-ছাত্রীদের মধ্যে মাদক ও তামাকজাত দ্রব্যের ক্ষতিকর দিক তুলে ধরে সংশ্লিষ্ট বিষয়ে স্টিকার, বুকলেট ও লিফলেট বিতরণ করতে হবে এবং তা চলমান রাখতে হবে।
২. মাদক ও তামাকজাত দ্রব্যের ক্ষতিকর দিক তুলে ধরে শ্রেণিকক্ষে বক্তব্য প্রদানের জন্য শ্রেণি শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে।
৩. ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সমন্বয়ে প্রতিমাসে অন্তত একটি করে মাদকবিরোধী সচেতনতামূলক সভা আহ্বান করতে হবে।

যে সকল মাদরাসায় 'মাদকবিরোধী' কমিটি গঠন করা হয়নি এবং যে সমস্ত মাদরাসায় গঠিত কমিটি পুনঃগঠন করা প্রয়োজন সে সকল মাদরাসার অধ্যক্ষগণকে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কমিটি গঠন/পুনঃগঠন করে উপরোক্ত কর্মসূচি সম্পর্কিত প্রতিবেদন ([iauregreport@gmail.com](mailto:iauregreport@gmail.com)) ই-মেইল ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

  
২২/৮/২০১৮  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. অধ্যক্ষ, ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।
২. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৪. পরিদর্শন দফতর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬. অফিস নথি।